গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাজেট/প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতির আওতায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) অনুমোদনের লক্ষ্যে ''বাজেট ব্যবস্থাপনা'' কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: মেসবাহুল ইসলাম
সচিব
সভার তারিখ : ০৫ জানুয়ারি, ২০২০
সভার সময় : বেলা ০৩.০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা ''পরিশিষ্ট-ক''-তে সন্নিবেশিত করা হলো।

০২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে যুগ্ম-সচিব(প্রশাসন)-কে মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট এর বিষয়ে আলোচনার অনুরোধ জানান। যুগ্ম-সচিব(প্রশাসন) ও 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সদস্য-সচিব কাজী মো: আনোয়ারুল হাকিম জানান মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতির আওতায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০ অর্থ বছরে মূল বরাদ্দ (পরিচালন ও উন্নয়ন) ছিল ১২২৬,৪৯,৩২,০০০/-(এক হাজার দুইশত ছাব্বিশ কোটি উনপঞ্চাশ লক্ষ বত্রিশ হাজার) টাকা। যার মধ্যে পরিচালন কার্যক্রম বাজেট ৩৫৩,১৫,৩২,০০০/-(তিনশত তেপ্পান্ন কোটি পনের লক্ষ বত্রিশ হাজার) টাকা এবং উন্নয়ন বাজেট ৮৭৩,৭৪,০০,০০০/-(আটশত তেহাত্তর কোটি চুয়াত্তর লক্ষ) টাকা।

০৩। এ বিষয়ে সিনিয়র সহকারী সচিব(বা:/প্র:-২) জানান যে, ২০১৯-২০ অর্থ বছরের মূল বাজেটে বরাদ্দের পরিমাণ ১০,১৯,৫০,০০০/-(দশ কোটি উনিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। সংসদীয় স্থায়ী কমিটির বিদেশ ভ্রমণ, "ডিজিটাল সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা ল্যাব" তৈরী, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ে বিদেশ ভ্রমণ, শুদ্ধাচার ও উদ্ভাবনী খাতে নতুন করে বাজেট বরাদ্দ রাখায় সংশোধিত বাজেটে মন্ত্রণালয়ের সচিবালয় খাতে প্রয়োজন ১৭,০০,৪০,০০০/-(সতের কোটি চল্লিশ হাজার) টাকা। আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদার মূল বাজেটে বরাদ্দের পরিমাণ ৭০,০০,০০০/-(সত্তর লক্ষ) টাকা। সংশোধিত বাজেটে প্রয়োজন ৬৫,০০,০০০/- (পঁয়ষট্টি লক্ষ) টাকা। সভায় সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১) জানান টি.আর/জি.আর খাতে মূল বাজেটে বরাদ্দের পরিমাণ ৩১৯,৫৭,২০,০০০/- (তিনশত উনিশ কোটি সাতান্ন লক্ষ বিশ হাজার) টাকা কিন্তু সংশোধিত বাজেটে টি.আর/জি.আর খাতে প্রয়োজন ৩৪১,৩১,৫৩,০০০/- (তিনশত একচল্লিশ কোটি একত্রিশ লক্ষ তেপ্পান্ন হাজার) টাকা। এ পর্যায়ে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়ন কমিটি'র প্রতিনিধি জানান ২০১৯-২০ অর্থ বছরের মূল বাজেটে বরাদ্দের পরিমাণ ১,৯৫,৯২,০০০/-(এক কোটি পঁচানব্বই লক্ষ বিরানব্বই হাজার) টাকা। আহ্বায়ক মহোদয়ের সভাপতিত্বে একটি টিম শান্তিচুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম পরিদর্শনের জন্য বিদেশ ভ্রমণ এর ইচ্ছে পোষণ করায় সংশোধিত বাজেটে প্রয়োজন হবে ২,৬৪,২৫,০০০/-(দুই কোটি চৌষট্টি লক্ষ পচিশ হাজার) টাকা। অর্থাৎ মূল বরাদ্দের চেয়ে ৬৮,৩৩,০০০/-(আটষট্টি লক্ষ তেত্রিশ হাজার) টাকা অতিরিক্ত প্রয়োজন।

০৪। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি এর প্রতিনিধি জানান ২০১৯-২০২০ অর্থ বছরে পরিচালন কার্যক্রম বাজেটে তাদের মূল বরাদ্দ ১২,৬০,২৩,০০০/-(বার কোটি ষাট লক্ষ তেইশ হাজার) টাকা। তবে সংশোধিত বাজেটে পরিচালন কার্যক্রম খাতে তাদের প্রয়োজন ১১,৪৬,২৬,০০০/-(এগার কোটি ছেচল্লিশ লক্ষ ছব্বিশ হাজার) টাকা। অর্থাৎ মূল বরাদ্দের চেয়ে ১,১৩,৯৭,০০০/-(এক কোটি তের লক্ষ সাতানব্বই হাজার) টাকা কম প্রয়োজন।

চলমান পতা-০২

০৫। সভায় ভারত প্রত্যাগত শরণার্থী বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি এর প্রতিনিধি জানান ২০১৯-২০২০ অর্থ বছরে পরিচালন কার্যক্রম বাজেটে তাদের মূল বরাদ্দ ১,৬০,৮২,০০০/-(এক কোটি ষাট লক্ষ বিরাশি হাজার) টাকা। তবে সংশোধিত বাজেটে পরিচালন কার্যক্রম খাতে তাদের অতিরিক্ত বাজেটের প্রয়োজন নেই। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ এর প্রতিনিধি জানান ২০১৯-২০২০ অর্থ বছরে পরিচালন কার্যক্রম বাজেটে তাদের মূল বরাদ্দ ৬,৫৩,৬৫,০০০/-(ছয় কোটি তেপ্পান্ন লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা। সংশোধিত পরিচালন কার্যক্রম বাজেটে তাদের অতিরিক্ত কোন অর্থের প্রয়োজন হবে না।

০৬। এ পর্যায়ে সিনিয়র সহকারী সচিব(বা:/প্র:-২) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০ অর্থ বছরে সংশোধিত পরিচালন কার্যক্রম বাজেটে সর্বমোট (১৭,০০,৪০,০০০+৬৫,০০,০০০+৩৪১,৩১,৫৩,০০০+২,৬৪,২৫,০০০+১১,৪৬,২৬,০০০+১,৬০,৮২,০০০+৬,৫৩,৬৫,০০০) = ৩৮১,২১,৯১,০০০/-(তিনশত একআশি কোটি একুশ লক্ষ একানব্বই হাজার) টাকা প্রয়োজন হবে।

০৭। আলোচনা অংশ নিয়ে মন্ত্রণালয়ের উপ সচিব(উন্নয়ন) জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে উন্নয়ন বাজেটে মূল বরাদ্দ ছিল ৮৭৩,৭৪,০০,০০০/-(আটশত তেহাত্তর কোটি চুয়াত্তর লক্ষ) টাকা। তবে সংশোধিত বাজেটে উন্নয়ন খাতে প্রয়োজন হবে ৮৬৩,১১,০০,০০০/- (আটশত তেষট্টি কোটি এগার লক্ষ) টাকা। অর্থাৎ মূল বাজেটের চেয়ে ১০,৬৩,০০,০০০/-(দশ কোটি তেষট্টি লক্ষ) টাকা কম।

০৮। সভায় বিস্তারিত আলোচনাশেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত :

(ক) ২০১৯-২০২০ অর্থ বছরে সংশোধিত বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর **পরিচালন বাজেটে** নিম্নরুপভাবে বাজেট বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

(অংকসমূহ হাজার টাকায়)

দপ্তর/সংস্থার নাম	মূল বাজেট ২০১৯-২০২০	প্রস্তাবিত সংশোধিত বাজেট ২০১৯-২০২০	ব্যাখ্যামূলক মন্তব্য
১	২	৩	৩
পরিচালন ব্যয়			
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১০,১৯,৫০	১৬,৯৮,২৫	
সরকারী কর্মচারীদের জন্য ঋণ	৮,০০	২,১৫	
পার্বত্য জেলা সমূহ পুনর্বাসন :			
(ক) ত্রাণ কার্য (নগদ)	৮,০০,০০	৮,০০,০০	
(খ) ত্রাণ কার্য (চাল)	২১৭,৪৩,৪৯	২৩৯,১৭,৮৩	
(গ) ত্রাণ কার্য (গম)	৯৪,১৩,৭১	৯৪,১৩,৭০	
	৩১৯,৫৭,২০	৩৪১,৩১,৫৩	
টাস্কফোর্স	১,৬০,৮২	১,৬০,৮২	
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	১২,৬০,২৩	১১,৪৬,২৬	
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ	৬,৫৩,৬৫	৬,৫৩,৬৫	
শান্তিচুক্তি বাস্তবায়ন কমিটি	১,৯৫,৯২	২,৬৪,২৫	
আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা	৭০,০০	৬৫,০০	
সর্বমোট পরিচালন=	**৩৫৩,২৫,৩২**	**৩৮১,২১,৯১**	

চলমান পতা-০৩

(খ) ২০১৯-২০ অর্থ বছরে সংশোধিত বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর **উন্নয়ন বাজেটে** নিম্নরূপভাবে বাজেট বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

(অংকসমূহ হাজার টাকায়)

প্রকল্প	মূল বাজেট ২০১৯-২০	প্রস্তাবিত সংশোধিত বাজেট ২০১৯-২০
১	২	৩
পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (রুরাল রোডস কম্পোনেন্ট এলজিইডি অংশ) (৩য় সংশোধিত) (জুলাই ২০১১ - জুন ২০২০)	৪৮৮৫.০০	৪৮৮৬.০০
পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ অংশ) (২য় সংশোধিত) (জুলাই ২০১১ - জুন ২০২০)	১৫৮১.০০	১৫৮১.০০
পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (১ম সংশোধিত) (মার্চ ২০১৮ - জুন ২০২১)	১২৩৭৮.০০	৯৬৬০.০০
স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাকটস (এসআইডিসিএইচডি) (ফেব্রুয়ারী ২০১৭ - সেপ্টেম্বর ২০২১)	৬১০০.০০	৪৫০০.০০
ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) (জানুয়ারী ২০১৬ - জুন ২০২০)	৮৩৬৩.০০	২০৯০.০০
পার্বত্য চট্টগ্রাম অনগ্রসর জনগোষ্ঠী আয়বর্ধক কর্মসূচী হিসাবে উন্নত জাতের বাঁশ উৎপাদন (জুলাই ২০১৬ - জুন ২০২১)	২৬৭.০০	২৬৭.০০
পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত অঞ্চলের অস্বচ্ছল ও প্রান্তিক পরিবারের নারী উন্নয়নে গাভী পালন (জানুয়ারী ২০১৮ - জুন ২০২০)	৩১০.০০	৪৭৪.০০
পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ (১ম সংশোধিত) (জুলাই ২০১৫ – জুন ২০২১)	১০০৭.০০	১০০৭.০০
পার্বত্য চট্টগ্রাম প্রত্যন্ত এলাকায় উচ্চ মূল্যের মসলা চাষ (অক্টোবর ২০১৮ - জুন ২০২১)	১৩৬৩.০০	১৩৬৩.০০
রাঙ্গামাটি পার্বত্য জেলার উপজেলা সদরের সাথে যোগাযোগ উন্নয়নের লক্ষ্যে গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ (জুলাই ২০১৬ - জুন ২০২০)	৯৪৫.০০	৯৪৫.০০
খাগড়াছড়ি পার্বত্য জেলায় বিভিন্ন উপজেলার প্রত্যন্ত জনপদের সাথে উপজেলা সদরের যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ (১ম সংশোধিত) (জানুয়ারী ২০১৭ - জুন ২০২১)	০১.০০	৬৯৬.০০
বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ (জুলাই ২০১৬ - জুন ২০২১)	১০০০.০০	৭৫০.০০
বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন (অক্টোবর ২০১৬ - জুন ২০২১)	৭৭৩.০০	৭৭৩.০০
রাংগামাটি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন (১ম সংশোধিত) (জুলাই ২০১৭-জুন ২০২০)	৪৭.০০	১১১০.০০
বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলা সদর হতে রুমা উপজেলা সদর পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ (অক্টোবর ২০১৮ - জুন ২০২২)	১০৯৭.০০	১০৯৭.০০
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ভবন নির্মাণ (মার্চ ২০১৯ - জুন ২০২১)	১০০০.০০	৭২১২.০০
বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাখালী খালের উপর ১টি ব্রীজ নির্মাণ (জুলাই ২০১৯ হতে জুন ২০২২)	৩০০.০০	৩০০.০০
খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মাণ (জুলাই ২০১৯ - ডিসেম্বর ২০২২)	--	১০০.০০
উপমোট=	**৪১৪১৭.০০**	৩৮৮১১.০০

চলমান পতা-০৪

১	২	৩
৫০৬০-উন্নয়ন কর্মসূচির জন্য সংযুক্ত তহবিল হতে অর্থ স্থানান্তর (এডিপি বর্হিভূত)(হেলেন কেলার ইন্টাঃ)	৩০০০.০০	--
২২১০০১১০০- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা	৯১০০.০০	১০০০০.০০
২২১০০১০০০-পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার সহায়তা	৮০০০.০০	৯৫০০.০০
২২১০০০৯০০-পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা	২৫০০০.০০	২৮০০০.০০
উপমোট=	৪২১০০.০০	৪৭৫০০.০০
অননুমোদিত প্রকল্পের বরাদ্দ	৮৫৭.০০	--
সর্বমোট=	৮৭৩৭৪.০০	৮৬৩১১.০০

(গ) ২০১৯-২০ অর্থ বছরে সংশোধিত বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থার **পরিচালন ব্যয় বাবদ** ৩৮১,২১,৯১,০০০/-(তিনশত একাশি কোটি একুশ লক্ষ একানব্বই হাজার) টাকা এবং **উন্নয়ন ব্যয় বাবদ** ৮৬৩,১১,০০,০০০/- (আটশত তেষট্টি কোটি এগার লক্ষ) টাকাসহ সর্বমোট (৩৮১,২১,৯১,০০০+৮৬৩,১১,০০,০০০) = ১২৪৪,৩২,৯১,০০০/-(এক হাজার দুইশত চুয়াল্লিশ কোটি বত্রিশ লক্ষ একানব্বই হাজার) টাকা বাজেট বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

(ঘ) ২০১৯-২০ অর্থ বছরে সংশোধিত বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর বাজেট (পরিচালন ও উন্নয়ন) অনুমোদনের জন্য অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এবং কার্যক্রম বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৬/০১/২০২০

(মো: মেসবাহুল ইসলাম)
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি
ও
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

নং-২৯.০০.০০০০.২১৮.২০.০০২.১৮-৭৪৫ তারিখঃ : ০৭ জানুয়ারি, ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
০৩। অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক, স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাকটস (এসআইডি)/ পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। যুগ্ম সচিব (প্রশাসন/উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। যুগ্ম-সচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।

চলমান পাতা-০৫

০৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরনার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীন উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
০৯। উপসচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপ-প্রধান, পরিকল্পনা শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। পার্বত্য চট্টগ্রাম চুক্তি বাস্তবায়ন কমিটির আহ্বায়ক (মন্ত্রীর পদমর্যাদা) এর একান্ত সচিব, জাতীয় সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব, সমন্বয়-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলের অনগ্রসর জনগোষ্ঠির আয়বর্ধক কর্মসূচি হিসেবে উন্নত জাতের বাশ উৎপাদন প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।
১৪। প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত অঞ্চলের অস্বচ্ছল ও প্রান্তিক পরিবারের নারী উন্নয়নে গাভী পালন প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।
১৫। প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।
১৬। প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প-২য় পর্যায়(আঞ্চলিক পরিষদ অংশ), উত্তর কালিন্দিপুর, রাংগামাটি।
১৭। প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প-২য় পর্যায়(এলজিইডি অংশ), এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রামরে প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ প্রকল্প/ পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় উচ্চ মূল্যের মসলা চাষ প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।
১৯। Country Director, Helen Keller International Bangladesh, House No-10F, Road No-82, Gulshan-2, Dhaka.
২০। প্রকল্প পরিচালক, বান্দরবান পার্বত্য জেলার গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।
২১। প্রকল্প পরিচালক, বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।
২২। প্রকল্প পরিচালক, খাগড়াছড়ি পাবত্য জেলার বিভিন্ন উপজেলায় প্রত্যন্ত জনপদের সাথে উপজেলা সদরের যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে গ্রামীন সড়ক অবকাঠামো নির্মাণ প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি।
২৩। নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, রাংগামাটি পার্বত্য জেলার উপজেলা সদরের সাথে যোগাযোগ উন্নয়নের লক্ষ্যে গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।
২৪। নির্বাহী প্রকৌশলী, নগর পূর্ত বিভাগ, ১৫ আব্দুল গণি রোড, ঢাকা ।
২৫। নির্বাহী প্রকৌশলী, রাংগামাটি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাংগামাটি পার্বত্য জেলা ।
২৬। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাকটস(এসআইডি), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। প্রকল্প পরিচালক, বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।
২৮। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
২৯। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
৩০। ন্যাশনাল প্রজেক্ট ডিরেক্টর, স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাকটস (এসআইডি), আগারগাঁও, ঢাকা।

আলাউদ্দিন
০৭/০৯/২০

(মো: আলাউদ্দিন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০১০৩